'ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০৭.২০- ৭৬৪ তারিখ: ২২ মার্চ ২০২১

বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সাহান আরা বানু, এনডিসি
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

তারিখ ও সময় : ১৮.০৩.২০২১, বিকাল ২.৩০ ঘটিকা

স্থান : সভাকক্ষ (২য় তলা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী সকল শহীদকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, ২৫ মার্চ ১৯৭১ এ শুরু হওয়া পাকিস্তানী বাহিনীর নারকীয় হত্যাযজ্ঞে এদেশের লক্ষ লক্ষ মানুষ প্রাণ দিয়েছেন। দীর্ঘ ৯ মাস রক্তক্ষয়ী যুদ্ধের পরিণতিতে বাংলাদেশ স্বাধীন দেশ হিসেবে আত্মপ্রকাশ করে। এ মহান আত্মত্যাগ এবং গৌরবান্বিত অর্জনকে স্মরণ করতে প্রতি বছরের ন্যায় এবছরও ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। তিনি আরও বলেন যে, ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করা হবে এবং মুজিববর্ষের সময়কাল ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত হয়েছে বিধায় এ বছর মহান স্বাধীনতা ও জাতীয় দিবস বাঙ্গালী জাতির জন্য এক বিশেষ গুরুত্ববহ দিন। অতঃপর তিনি পরিচালক (প্রশাসন)কে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মসূচির আলোকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর সংশ্লিষ্ট কর্মসূচি নির্ধারণ বিষয়ে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরিচালক (প্রশাসন) ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য ৩১.০১.২০২১ তারিখ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মসূচিসমূহ বিস্তারিত উপস্থাপন করেন। সভায় আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদ্‌যাপনের লক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মসূচি নির্ধারণ ও যথাযথভাবে বাস্তবায়নে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

## ২৫ মার্চ গণহত্যা দিবসের কর্মসূচি

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | ২৫ মার্চ বাদ জোহর শহীদদের স্মরণে বিশেষ মোনাজাত আয়োজন | ২৫ মার্চ গণহত্যা দিবসে সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | ২৫ মার্চ গণহত্যা দিবসে সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করে অধিদপ্তর এবং ঢাকাস্থ তিনটি হাসপাতালের মসজিদে বাদ জোহর স্বাস্থ্যবিধি মেনে দোয়া ও মোনাজাত আয়োজন করতে হবে। | প্রশাসন ইউনিট, আজিমপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্র, মোহম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার, মাতৃ ও শিশু কল্যাণ কেন্দ্র, লালকুঠি, মিরপুর, ঢাকা এবং সংশ্লিষ্ট কমিটি |
| ২. | ২৫ মার্চ রাত ৯.০০টা হতে ৯.০১ পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউট (কেপিআই/ জরুরি স্থাপনা ব্যতীত) | ২৫ মার্চ গণহত্যা দিবসে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে রাত ৯.০০টা হতে ৯.০১ পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) করার বিষয়ে আলোচনা করা হয়। | ২৫ মার্চ গণহত্যা দিবসে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আওতাধীন কার্যালয়/ সেবা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ রাত ৯.০০টা হতে ৯.০১ পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউটে অংশগ্রহণ করবেন (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত)। এ সময় সকল সরকারি অফিস ও স্থাপনার নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | প্রশাসন ইউনিট (কমন সার্ভিস), সকল বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/ হাসপাতাল/ সেবা প্রতিষ্ঠান/ প্রশিক্ষণ প্রতিষ্ঠান |

| ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের কর্মসূচি | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জাতীয় পতাকা উত্তোলন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন এবং জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে আলোচনা করা হয়। | ক) পতাকা বিধি অনুসরণ করে ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে বৃহদাকার পতাকা ও আওতাধীন সকল বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/ হাসপাতাল/ সেবা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সঠিক মাপ ও সঠিক রঙের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | প্রশাসন ইউনিট (কমন সার্ভিস), সকল বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/ হাসপাতাল/ সেবা প্রতিষ্ঠান/ প্রশিক্ষণ প্রতিষ্ঠান |
| | | | খ) ২৬ মার্চ সকাল ৯.৩০ ঘটিকায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে এবং পুষ্পস্তবক অর্পণ শেষে দোয়া ও মোনাজাত আয়োজন করা হবে। | প্রশাসন ইউনিট (কমন সার্ভিস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৪. | স্থাপনাসমূহে আলোকসজ্জাকরণ | ২৬ মার্চ উদ্‌যাপন উপলক্ষ্যে অধিদপ্তরসহ আওতাধীন কার্যালয়/সেবা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে দৃষ্টিনন্দন আলোকসজ্জাকরণের বিষয়ে আলোচনা করা হয়। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২১ তারিখ সন্ধ্যা থেকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকাস্থ সকল হাসপাতাল, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বিভাগ/ জেলা কার্যালয়/ মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহ দৃষ্টিনন্দনভাবে আলোকসজ্জিত করতে হবে। | আইইএম ইউনিট, ঢাকাস্থ সকল হাসপাতাল, বিভাগ/ জেলা কার্যালয়/ মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহ |
| ৫. | শুভেচ্ছা বাণী প্রকাশ, ব্যানার ও দাওয়াত কার্ড ডিজাইন | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের লক্ষ্যে শুভেচ্ছা বাণী প্রকাশ, ব্যানার ও দাওয়াত কার্ড ইত্যাদির ডিজাইন ও প্রিন্টিং এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের লক্ষ্যে পত্রিকায় শুভেচ্ছা বাণী প্রকাশ করতে হবে। | আইইএম ইউনিট ও সংশ্লিষ্ট কমিটি |
| | | | (খ) ব্যানার, দাওয়াত কার্ড ডিজাইন আইইএম ইউনিট হতে প্রণয়ন করে সফট কপি সংশ্লিষ্ট সকলকে প্রেরণ এবং অধিদপ্তরের জন্য ব্যানার মুদ্রণ করতে হবে। | আইইএম ইউনিট ও সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (গ) ঢাকাস্থ ০৩টি হাসপাতাল ও পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠানসহ মাঠপর্যায়ের কার্যালয়সমূহ প্রযোজ্য ক্ষেত্রে নির্দিষ্ট ডিজাইন অনুযায়ী ব্যানার মুদ্রণ এবং প্রদর্শন করবে। | সকল বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/ হাসপাতাল/ সেবা প্রতিষ্ঠান/ প্রশিক্ষণ প্রতিষ্ঠান |
| ৬. | আলোচনা সভা, মোনাজাত/ প্রার্থনা আয়োজন | **মহান স্বাধীনতা ও জাতীয় দিবস** ২০২১ উদ্‌যাপনের লক্ষ্যে স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন' বিষয়ে আলোচনা সভা, জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে ধর্মীয় প্রতিষ্ঠানে মোনাজাত/প্রার্থনা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | (ক) **২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস** উদ্‌যাপনের লক্ষ্যে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পরিবার পরিকল্পনা অধিদপ্তরে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন' বিষয়ে ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হবে। | পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |
| | | | (খ) জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে ২৬ মার্চ বাদ জোহর যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে অধিদপ্তরে বিশেষ মোনাজাত/ প্রার্থনা আয়োজন করা হবে। | পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |
| | | | (গ) অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়/ হাসপাতাল/ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে যেখানে ধর্মীয় মোনাজাত/ প্রার্থনা আয়োজন করার সুবিধা রয়েছে সেসব স্থানে মোনাজাত/প্রার্থনা আয়োজন করতে হবে। | সকল বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/ হাসপাতাল/ সেবা প্রতিষ্ঠান/ প্রশিক্ষণ প্রতিষ্ঠান |
| ৭. | বিতর্ক প্রতিযোগিতার আয়োজন | ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ বিষয় নির্ধারণ করা হয়: 'বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রধান পূর্বশর্ত হচ্ছে পরিকল্পিত পরিবার'। | ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের করা হবে। বিতর্কের বিষয় নিম্নরুপ: 'বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রধান পূর্বশর্ত হচ্ছে পরিকল্পিত পরিবার'। | অধ্যক্ষ (FWVTI), আজিমপুর, ঢাকা, পরিচালক, MFSTC ও MCHTI, আজিমপুর, ঢাকা এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৮. | উন্নতমানের খাবার পরিবেশন | ২৬ মার্চ ঢাকাস্থ মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান আজিমপুর, মোহম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার এবং MCHTI, লালকুঠিতে উন্নতমানের খাবার পরিবেশন করার বিষয়ে আলোচনা করা হয়। | ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষ্যে ঢাকাস্থ হাসপাতালসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। | পরিচালক MCHTI, আজিমপুর/লালকুঠি, এমএফএসটিসি, মোহাম্মদপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | বঙ্গবন্ধুর আদর্শ ও জীবনীর ওপর নির্মিত ডকুমেন্টারি 'ঠিকানা' ও মাস্ক ব্যবহার বিষয়ক TVC প্রদর্শন ও প্রচার | বঙ্গবন্ধুর আদর্শ ও জীবনীর ওপর নির্মিত ডকুমেন্টারি 'ঠিকানা' ও মাস্ক ব্যবহার বিষয়ক TVC প্রদর্শন ও প্রচার বিষয়ে আলোচনা করা হয়। | ২৬ মার্চ ২০২১ পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও এমএফএসটিসিতে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে বোর্ডে এবং দেশব্যাপী এভি ভ্যানের মাধ্যমে বঙ্গবন্ধুর আদর্শ ও জীবনীর ওপর নির্মিত ডকুমেন্টারি 'ঠিকানা' এবং মাস্ক ব্যবহার বিষয়ক TVC প্রদর্শন ও প্রচার করতে হবে। | আইইএম ইউনিট, সকলবিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/ হাসপাতাল/ সেবা প্রতিষ্ঠান/ প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান |
| ১০. | দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় সকল আয়োজনে অংশগ্রহণ | ২৫ এবং ২৬ মার্চ দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় সকল আয়োজনে এ অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীগণ স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | ২৫ এবং ২৬ মার্চ দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় সকল আয়োজনে এ অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীকে স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণ করতে হবে। | সকল বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়/ সেবা প্রতিষ্ঠান |
| ১১. | সার্বিক কার্যক্রম সমন্বয়ের উদ্দেশ্যে কমিটি ও উপকমিটি গঠন | ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহিত কর্মসূচি সুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন কমিটি ও উপকমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। | ক) ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদ্‌যাপনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে একটি কেন্দ্রীয় মনিটরিং কমিটিসহ মোট ৭টি কমিটি গঠন করা হয়।<br><br>খ) সকল কার্যক্রম কেন্দ্রীয় মনিটরিং কমিটির পরামর্শ ও অনুমোদন গ্রহণের মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br><br>গ) সকল কমিটি ও উপকমিটি কর্মপরিধি অনুযায়ী নিদিষ্ট দায়িত্ব নির্ধারিত সময়ে সম্পন্ন করবে। | পরিচালক (প্রশাসন), সংশ্লিষ্ট কমিটি ও উপকমিটিসমূহ |

(ক) **কেন্দ্রীয় মনিটরিং কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | |
|---|---|
| জনাব সাহান আরা বানু, এনডিসি, মহাপরিচালক (গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর | উপদেষ্টা |

কমিটি:

| | |
|---|---|
| ১. পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট - | আহবায়ক |
| ২. পরিচালক (এমআইএস), এমআইএস ইউনিট - | সদস্য |
| ৩. পরিচালক (অর্থ), অর্থ ইউনিট- | সদস্য |
| ৪. পরিচালক (এমসিএইচ), এমসিআরএএইচ ইউনিট- | সদস্য |
| ৫. পরিচালক (আইইএম), আইইএম ইউনিট - | সদস্য |
| ৬. পরিচালক (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট- | সদস্য |
| ৭. পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট- | সদস্য |
| ৮. পরিচালক (নিরীক্ষা), নিরীক্ষা ইউনিট- | সদস্য |
| ৯. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা- | সদস্য |
| ১০. পরিচালক, এমএফএসটিসি, মোহম্মদপুর, ঢাকা- | সদস্য |
| ১১. পরিচালক, এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর- | সদস্য |
| ১২. উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট - | সদস্য সচিব |

**কর্মপরিধি:**

- **২৫ মার্চ গণহত্যা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য গঠিত উপ-কমিটিসমূহের কার্যক্রম মনিটরিং, পরামর্শ ও সহযোগিতা প্রদান এবং অবহিতকরণ।**

(খ) অনুষ্ঠান আয়োজন উপ-কমিটি **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

| | |
|---|---|
| ১. পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট - | আহবায়ক |
| ২. পরিচালক (এমআইএস), এমআইএস ইউনিট - | সদস্য |
| ৩. পরিচালক (অর্থ), অর্থ ইউনিট- | সদস্য |
| ৪. পরিচালক (এমসিএইচ), এমসিআরএএইচ ইউনিট | সদস্য |
| ৫. পরিচালক (আইইএম), আইইএম ইউনিট | সদস্য |
| ৬. পরিচালক (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট- | সদস্য |
| ৭. পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট- | সদস্য |
| ৮. পরিচালক (নিরীক্ষা), নিরীক্ষা ইউনিট- | সদস্য |
| ৯. উপপরিচালক (পিএম), আইইএম ইউনিট - | সদস্য সচিব |

**কর্মপরিধি:**

- ২৫ মার্চ গণহত্যা দিবসে সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত আয়োজন
- আলোচনা অনুষ্ঠান ব্যবস্থাপনা
- পুষ্পস্তবক অর্পণ ব্যবস্থাপনা
- পুষ্পস্তবক অর্পণ শেষে দোয়া ও মোনাজাত আয়োজন করা
- ২৬ মার্চ বাদ জোহর জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে দোয়া ও মোনাজাত আয়োজন করা
- সকল ডিজাইন মনিটরিং কমিটির অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করা।
- বিতর্ক প্রতিযোগিতার জন্য বিষয়বস্তু ও পুরস্কার নির্বাচন

(গ) **অধিদপ্তর ভবন আলোকসজ্জিতকরণ, ভেন্যু ব্যবস্থাপনা ও পুষ্পস্তবক ডিজাইন এবং সংগ্রহ উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | |
|---|---|
| ১. পরিচালক (আইইএম), আইইএম ইউনিট- | আহবায়ক |
| ২. পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট- | সদস্য |
| ৩. উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট | সদস্য |
| ৪. উপপরিচালক (পিএম),আইইএম ইউনিট | সদস্য সচিব |

**কর্মপরিধিঃ**

- ২৫ মার্চ গণহত্যা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যানারের ডিজাইন প্রণয়ন ও অনুমোদন গ্রহণ প্রস্তুত ও যথাস্থানে স্থাপনের ব্যবস্থা করা, অনুষ্ঠানস্থল সজ্জিতকরণ এবং অধিদপ্তর ভবন দৃষ্টিনন্দন করে আলোকসজ্জার ব্যবস্থা করা
- পুষ্পস্তবক ডিজাইন ও সংগ্রহের ব্যবস্থা করা এবং যথাসময়ে অর্পণের ব্যবস্থা করা
- বিতর্ক প্রতিযোগিতায় পুরস্কার প্রদানের জন্য উপহার সংগ্রহ

(ঘ) **পরিস্কার পরিচ্ছন্নতা উপকমিটি উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | |
|---|---|
| ১. উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট- | আহবায়ক |
| ২. উপপরিচালক (পেনশন),প্রশাসন ইউনিট- | সদস্য |
| ৩. সহকারী পরিচালক (পার-১), প্রশাসন ইউনিট- | সদস্য সচিব |

**কর্মপরিধিঃ**

- ভবনের ভেতরে, বাহিরে ও অনুষ্ঠানস্থলে পরিস্কার পরিচ্ছন্ন রাখা
- আলোচনা অনুষ্ঠানস্থলে হ্যান্ড স্যানিটাইজার এর ব্যবস্থা করণ

(ঙ) **আপ্যায়ন উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

| | |
|---|---|
| ১. পরিচালক (উপ: ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট- | আহবায়ক |
| ২. উপপরিচালক (এমআইএস), এমআইএস ইউনিট- | সদস্য |
| ৩. উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট- | সদস্য সচিব |

**কর্মপরিধিঃ**

- আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহনকারীদের আপ্যায়নের জন্য কেন্দ্রীয় কমিটির সঙ্গে আলোচনাক্রমে মেনু নির্ধারণ এবং আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করা।

(চ) **অনুষ্ঠান ভার্চুয়ালি সংযোগ উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ১. | পরিচালক (এমআইএস), এমআইএস ইউনিট- | আহবায়ক |
| ২. | পিএম (এমআইএস), এমআইএস ইউনিট | সদস্য |
| ৩. | সহকারী মেইনটেন্যান্স ইন্জিনিয়ার- | সদস্য সচিব |

**কর্মপরিধি:**

- ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠানে কর্মকর্তাদের সংযুক্ত হওয়ার ব্যবস্থা গ্রহণ
- কেন্দ্রীয় কমিটির পরামর্শক্রমে এ বিষয়ে পত্রজারী করে কর্মকর্তাদের অবহিতকরণ

(ছ) **বিতর্ক প্রতিযোগিতা আয়োজন উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | |
|---|---|
| ১. অধ্যক্ষ, এফডব্লিউভিটিআই, আজিমপুর ঢাকা | আহবায়ক |
| ২. প্রভাষক (মেডিকেল), এফডব্লিওভিটিআই | সদস্য |
| ৩. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), এফডব্লিউভিটিআই | সদস্য সচিব |

**কর্মপরিধি :**

- বিতর্ক প্রতিযোগিতা আয়োজন, মূল্যায়ন এবং ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর তালিকা কেন্দ্রীয় কমিটি বরাবরে প্রেরণ

সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

22.06.20

(সাহান আরা বানু, এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০৬.২০- ৭৬৪/১(১০৮)

তারিখ: ২২ মার্চ ২০২১

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (প্রশাসন)/ (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)................................................, এ অধিদপ্তর।
৩. পরিচালক, পরিবার পরিকল্পনা...................................................... বিভাগ।
৪. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা ।
৫. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা ।
৬. পরিচালক, এমসিএইচটিআই, লালকুঠি, ঢাকা।
৭. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা ।
৮. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ......................................জেলা ।
৯. অধ্যক্ষ,এফডব্লিওভিটিআই, আজিমপুর ঢাকা ।
১০. উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১১. উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১২. সহকারী পরিচালক (সমন্বয়/কমন সার্ভিস/মনিটরিং/পরিবহন/বাজেট/ডিডিও).......এ অধিদপ্তর
১৩. বৈশাখী চৌধুরী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১৫. পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

22.03.2021

(মোঃ মনিরুজ্জামান)
উপপরিচালক (কমন সার্ভিস)
প্রশাসন ইউনিট
ফোন : ৫৫০১২৩৪৬